দৈনিক জনকণ্ঠ

তারিখ ........................
পৃষ্ঠা ৩ কলাম ৮......

NOV. 03 2002

# ডেফোডিল ইন্টারন্যাশনাল ভার্সিটিতে আইসিটি বিষয়ক সেমিনার

ডেফোডিল, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)-এর লেকচারার (সিএসই) আবদুল্লাহ-আল-মামুন ইমতিয়াজের সাবলীল উপস্থাপনার মাধ্যমে সম্প্রতি আইসিটি বিষয়ক এক সেমিনার ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। সেমিনারে ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির গবর্নিং বডির চেয়ারম্যান, ডেফোডিল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি মোঃ সবুর খান বলেন, বর্তমান মুক্তবাজার অর্থনীতিতে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে কম্পিউটারাইজ পদ্ধতির কোন বিকল্প নেই। তিনি ডেফোডিল গ্রুপকে সম্পূর্ণভাবে কম্পিউটারাইজেশন এবং ডেফোডিল বিশ্ববিদ্যালয়কে ডিজিটাল বিশ্ববিদ্যালয়ে পরিণত করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, আমাদেরকে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে ইংরেজী ও আইটির ব্যবহার নিশ্চিত করে পেশাগত দক্ষতা বৃদ্ধি করতে হবে। -বিজ্ঞপ্তি।